৬। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এতদ্‌দ্বারা Income-tax (Amendment) Ordinance, 2007 (২০০৭ সনের ৩২ নং অধ্যাদেশ), Income-tax (Second Amendment) Ordinance, 2007 (২০০৭ সনের ৪২ নং অধ্যাদেশ), Income-tax (Amendment) Ordinance, 2008 (২০০৮ সনের ১ নং অধ্যাদেশ) এবং Income-tax (Second Amendment) Ordinance, 2008 (২০০৮ সনের ১৩ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশসমূহ বলিয়া উল্লিখিত, রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত উক্ত অধ্যাদেশসমূহ দ্বারা সংশোধিত উক্ত Ordinance এর অধীন কৃত কোন কার্য বা গৃহীত কোন ব্যবস্থা এই Act দ্বারা সংশোধিত উক্ত Ordinance এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

## ২০০৯ সনের ১২নং আইন

### National Board of Revenue Order, 1972 এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে National Board of Revenue Order, 1972 (P.O. No. 76 of 1972) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন National Board of Revenue (Amendment) Act, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা ২১ এপ্রিল, ১৯৭৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **P.O. No. 76 of 1972 এর Article 3 এর সংশোধন**।—National Board of Revenue Order, 1972 (P.O. No. 76 of 1972) এর Article 3 এর clauses (2) এবং (3) এর পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ clauses (2) এবং (3) প্রতিস্থাপিত হইবে,যথা ঃ—

"(2) The Board shall consist of a Chairman and such number of members as may be appointed by the Government.

(3) The Government shall appoint a Secretary to the Government to be the Chairman of the Board."।

৩। **রহিতকরণ ও হেফাজত**।—(১) National Board of Revenue (Amendment), Ordinance, 2008 (২০০৮ সনের ২৫ নং অধ্যাদেশ) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত অধ্যাদেশের অধীন কৃত কোন কাজকর্ম বা গৃহীত কোন ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**আশফাক হামিদ**
সচিব।

নিতাই পদ দাস (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখ্‌তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd